বাংলাদেশ

জীবন বাঁচাতে জাকাত

ঘোর অনিশ্চয়তায় সুমাইয়া, তাকিয়ে আপনাদের দিকে

বিজ্ঞাপন বার্তা

থ্যালাসেমিয়ায় আক্রান্ত শিশু সুমাইয়া আক্তার মিম (১৩)। মা-বাবার বিচ্ছেদের পর জীবনটা অনেক কঠিন হয়ে দাঁড়িয়েছে তার জন্য।

ফলো করুন শেয়ার করুন

স্কুলে টিফিনে বার্গার খেতে খুব ইচ্ছা হয়, কিন্তু পয়সা হয় না। ‘বাবার কাছে টেকা চাইলে ১০ টেকা দেয়, তা-ও সব সময় না।’—হাসপাতালের বেডে শুয়ে রক্ত নেওয়ার সময় বলছিল সুমাইয়া। সে জানায়, প্রতি মাসে রক্তের জন্য যে টাকা লাগে, সেটা টিউশনি করে জোগাড় করেন তার মা।

ছোটবেলা থেকে মা-বাবা যখন একসঙ্গে ছিলেন, চিকিৎসা ও পড়াশোনা বেশ ভালোভাবেই চলছিল নারায়ণগঞ্জের এই শিশুর। কিন্তু মা-বাবার বিচ্ছেদ হওয়ার পর টান পড়ে সেখানেও। এখন নানির সঙ্গে ঢাকায় এসে বাংলাদেশ থ্যালাসেমিয়া হাসপাতাল থেকে রক্ত নিয়ে যায় সুমাইয়া।

দারুণ মেধাবী সুমাইয়া পড়াশোনা করে স্থানীয় একটি স্কুলে ষষ্ঠ শ্রেণিতে। তবে শরীর অসুস্থ থাকলে স্কুলে যেতে পারে না। সহপাঠীদের কাছে বাড়ির পড়া জানতে চাইলে ‘ওরা বলতে চায় না’ বলে অভিযোগ তার। ‘পরে আমি ওদের হিংসুক বলে খ্যাপাই’, বলতে বলতে হাসি ফুটে ওঠে তার মুখে।

সুমাইয়ার স্বপ্ন চিকিৎসক হওয়ার, যাতে তার মতো থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের সেবা দিতে পারে। অথচ দারুণ মিশুক ও চটপটে মেয়েটি নিজের চিকিৎসার কথা ভেবে মুখ ভার করে থাকে। সে জানায়, ‘মায়ের শরীরও অসুস্থ থাকে। মায়ের কিছু হইলে আমার কী হবে?’ বলেই তার দৃষ্টি চলে যায় রক্তের ব্যাগের দিকে। কে জানে, হয়তো ভাবছে কখন শেষ হবে রক্ত নেওয়া!

ফলো করুন শেয়ার করুন

একে তো থ্যালাসেমিয়ার সঙ্গে যুদ্ধ, তার ওপর জীবনযুদ্ধে টিকে থাকার অনিশ্চয়তার সংগ্রামে পারবে কি মেয়েটি জয়ী হতে? সেটা সময়ই বলে দেবে। তবে চাইলেই আমি-আপনি পারি অসহায় এই মেয়ের পাশে দাঁড়াতে। নিজেদের সবটুকু দিয়ে চেষ্টা করে যাচ্ছে বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন। আর এসবই আপনাদের দানকৃত অর্থে।

দরিদ্র মুসলমান রোগী, যারা অর্থাভাবে চিকিৎসা নিতে পারছে না, তাদের জাকাত ফান্ড থেকে সাহায্য করা হয়। এই মানুষগুলোর পাশে দাঁড়াতে অর্থের প্রয়োজন। পবিত্র রমজান মাসে আপনার জাকাতের টাকা ফাউন্ডেশনে দান করে এই কোমলমতি শিশুদের পাশে দাঁড়াতে পারেন।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালে সুমাইয়ার মতো ৬ হাজার ২১৪ থ্যালাসেমিয়া রোগী নিয়মিত চিকিৎসা নিচ্ছে। এর মধ্যে ১ হাজার ৭৬১ দরিদ্র রোগী চিকিৎসার জন্য সারা বছর জাকাতের ওপর নির্ভরশীল। তাই তাদের জীবন বাঁচাতে আপনার জাকাতের অর্থ বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের জাকাত ফান্ডে দান করুন।

১) ব্যাংক অ্যাকাউন্টের নাম : বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড)। অ্যাকাউন্ট নম্বর : ১০৮১১০০০৩৭৭০৩, ডাচ্-বাংলা ব্যাংক, শান্তিনগর শাখা, ঢাকা।

২) অনলাইনে ভিসা, মাস্টারকার্ড বা আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন : www.thals.org/zakat

৩) বিকাশ/নগদ/উপায় মার্চেন্ট নম্বর : ০১৭২৯২৮৪২৫৭ (‘পেমেন্ট’ অপশন ব্যবহার করে কাউন্টার নম্বরে ‘0’ দিন)

ফাউন্ডেশনের জাকাত ফান্ড সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুন : www.thals.org/bn/zakat- for- life

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো